# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৩৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের ফযীলত

## আরবী

وَعَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي الظُّهْرَ بِالْهَاجِرَةِ وَلَمْ يَكُنْ يُصَلِّي صَلَاةً أَشَدَّ عَلَى أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهَا فَنَزَلَتْ (حَافِظُوا عَلَى الصَّلَوَاتِ وَالصَّلَاةِ الْوُسْطَى)
وَقَالَ إِنَّ قَبْلَهَا صَلَاتَيْنِ وَبَعْدَهَا صَلَاتَيْنِ. رَوَاهُ أَحْمد وَأَبُو دَاوُد

## বাংলা

৬৩৭-[১৪] যায়দ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাত (সালাত/নামায/নামাজ) আগে আগে আদায় করতেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমন কোন সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন না যা তাঁর ( সাহাবীগণের জন্য যুহরের চেয়ে কষ্টসাধ্য ছিল। তখন এ আয়াত নাযিল হলোঃحَافِظُوْا عَلَى الصَّلَوٰتِ وَالصَّلٰوةِ الْوُسْطٰى ’’তোমরা সব সালাতের, বিশেষ করে মধ্যবর্তী সালাতের হিফাযাত করবে’’- (সূরাহ্ আল বাক্বারাহ্ ২: ২৩৮)। তিনি [যায়দ ইবনু সাবিত (রাঃ)] বলেন, যুহরের সালাতের আগেও দু’টি সালাত (’ইশা ও ফাজর (ফজর)) আছে, আর পরেও দু’টি সালাত (’আসর ও মাগরিব) আছে। (আহমাদ ও আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আহমাদ ২১০৮০, আবূ দাঊদ ৬৩৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: যায়দ ইবনু সাবিত (রাঃ) ও ‘আয়িশাহ্ (রাঃ)-এর মতে মধ্যবর্তী সালাত (সালাত/নামায/নামাজ) হলো যুহরের সালাত। যুহরের সালাতকে মধ্যবর্তী সালাত বলা হয়েছে এজন্য যে, এ সালাত দিনের দু’ প্রান্তের (সকাল ও বিকাল) মধ্যবর্তী সময়ে আদায় করা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55194

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন